# সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৮৯৯

৮/ জুমু’আ (كتاب الجمعة)

পরিচ্ছেদঃ ১০. জুমু'আর সালাতে যা পড়া হবে

باب مَا يُقْرَأُ فِي صَلاَةِ الْجُمُعَةِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مَسْلَمَةَ بْنِ قَعْنَبٍ، حَدَّثَنَا سُلَيْمَانُ، ـ وَهُوَ ابْنُ بِلاَلٍ ـ عَنْ جَعْفَرٍ، عَنْ أَبِيهِ، عَنِ ابْنِ أَبِي رَافِعٍ، قَالَ اسْتَخْلَفَ مَرْوَانُ أَبَا هُرَيْرَةَ عَلَى الْمَدِينَةِ وَخَرَجَ إِلَى مَكَّةَ فَصَلَّى لَنَا أَبُو هُرَيْرَةَ الْجُمُعَةَ فَقَرَأَ بَعْدَ سُورَةِ الْجُمُعَةِ فِي الرَّكْعَةِ الآخِرَةِ ‏(‏ إِذَا جَاءَكَ الْمُنَافِقُونَ‏)‏ ـ قَالَ ـ فَأَدْرَكْتُ أَبَا هُرَيْرَةَ حِينَ انْصَرَفَ فَقُلْتُ لَهُ إِنَّكَ قَرَأْتَ بِسُورَتَيْنِ كَانَ عَلِيُّ بْنُ أَبِي طَالِبٍ يَقْرَأُ بِهِمَا بِالْكُوفَةِ ‏.‏ فَقَالَ أَبُو هُرَيْرَةَ إِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقْرَأُ بِهِمَا يَوْمَ الْجُمُعَةِ ‏.‏

বাংলা

১৮৯৯। আবদুল্লাহ ইবনু মাসলামা ইবনু কা’নাব (রহঃ) ... ইবনু আবূ রাফি (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, মারওয়ান আবূ হুরায়রা (রাঃ) কে মদিনায় তাঁর স্থলাভিষিক্ত করে মক্কায় চলে গেলেন। আবূ হুরায়রা (রাঃ) আমাদের নিয়ে জুমুআর দিন সালাত আদায় করলেন। তিনি সূরা জুমু’আর পর দ্বিতীয় রাক’আত সূরা মুনাফিকুন পড়লেন। রাবী বলেন, আবূ হুরায়রা (রাঃ) যখন চলে যাচ্ছিলেন তখন আমি তাকে ধরলাম। তারপর তাকে বললাম, আপনি এমন দুটি সূরা পাঠ করলেন যে দুটি সূরা আলী ইবনু আবূ তালিব (রাঃ) কুফায় পাঠ করতেন। আবূ হুরায়রা (রাঃ) বললেন, আমি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে এ সূরা দু’টি জুমু’আর দিন পাঠ করতে শুনেছি।

## English

Ibn Abu Rafi' said:
Marwan appointed Abu Huraira as his deputy in Medina and he himself left for Mecca. Abu Huraira led us in the Jumu'a prayer and recited after Surah Jumu'a in the second rak'ah:" When the hypocrites came to thee" (Surah 63). I then met Abu Huraira as he came back and said to him: You have recited

two surahs which 'Ali b. Abu Talib used to recite in Kufah. Upon this Abu Huraira said: I heard the Messenger of Allah (ﷺ) reciting these two in the Friday (prayer).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ রিফা‘আহ ইবনু রাফি’ যুরাকী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=11264

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন